জয়পুরহাট পৌরসভা কার্যালয়
জয়পুরহাট।

স্মারকনং-জঃপৌঃসঃ/প্রকৌঃ/২০২০-২০২১/ ১০৫৬ তারিখঃ ২২/০৬/২০২১ ইং

## সভার নোটিশ

এতদ্বারা জয়পুরহাট পৌরসভার নারী উন্নয়ন বিষয়ক কমিটির সম্মানিত সদস্যগনের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত আলোচ্য সূচীতে আগামী ২৪/০৬/২০২১ তারিখ রোজঃ বৃহস্পতিবার সময় বেলা ১২.০০ ঘটিকায় পৌরসভা মিলনায়তনে নারী উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য বিশেষ ভাবে অনুরোধ করা হলো।

আলোচ্য সূচী ঃ

১। গত সভার কার্য বিবরণী পঠন ও দৃঢ় করণ প্রসঙ্গে।
২। পূর্ব বাজার পৌর মার্কেটের ২য় তলায় নারী উদ্যেক্তা ব্যবসায়ীদের নিয়ে মতবিনিময় সভা আয়োজন বিষয়ে।
৩। পৌরসভার বিভিন্ন কমিটিতে নারী প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে।
৪। বিবিধ।

( পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

প্রাপক ঃ

.......................................................

.......................................................

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
## জয়পুরহাট।
## নারী উন্নয়ন বিষয়ক কমিটির সভার কার্য বিবরণীঃ

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌরসভা মিলনায়তন
সভার তারিখ ঃ ২৪/০৬/২০২১
সময় ঃ বেলা ১১.০০ ঘটিকা
রোজ ঃ বৃহস্পতিবার।

*উপস্থিত সভ্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ*

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র. জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৩ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারণ), ওয়ার্ড নং-৩, জঃ পৌঃ সঃ | সদস্য | স্বাক্ষরিত |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃ পৌঃ সঃ | সভাপতি | স্বাক্ষরিত |

সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সবাইকে শুভেচ্ছা ও সালাম জানিয়ে সভার কাজ শুরু করেন।

১নং আলোচ্য সূচী ঃ গত সভার রেজুলেশন পঠন ও অনুমোদন প্রসঙ্গে।

সভায় জনাব মোঃ হাসানুজ্জামান, বস্তি উন্নয়ন কর্মকর্তা, জয়পুরহাট পৌরসভা সভাপতির অনুমতিক্রমে গত সভার কার্যবিবরণী উপস্থিত সকল সম্মানিত সদস্যগণকে পাঠ করে শুনান এবং কোনরুপ সংশোধনী ছাড়াই ব্যাপক আলোচনান্তে সর্বসম্মতিক্রমে তা অনুমোদিত হয়।

সভায় সভাপতি সাহেব উপস্থিত সদস্যগণকে আজকের সভার আলোচ্য বিষয় অগ্রাধিকার ভিত্তিতে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণের জন্য আহবান জানান।

২নং আলোচ্য বিষয় ঃ পূর্ব বাজার পৌর মার্কেটের ২য় তলায় নারী উদ্যেক্তা ব্যবসায়ীদের নিয়ে মতবিনিময় সভা আয়োজন বিষয়ে।

আলোচনা ঃ সভাপতি মহোদয় বলেন, জয়পুরহাট পৌরসভাধীন পূর্ব বাজার পৌর মার্কেটের ২য় তলায় পৌরসভার বিভিন্ন এলাকার নারীরা বিভিন্ন ধরনের ব্যবসা প্রতিষ্ঠান চালু করে নারী উদ্যেক্তা হিসেবে তারা ব্যবসা পরিচালনা করছে। তারা ব্যবসা পরিচালনা করতে গিয়ে নানা ধরনের সমস্যার সম্মুখীন হচ্ছে। এগুলো তারা মন খুলে পৌরসভাকে জানাতে চাই। আমি নির্বাচিত হওয়ার পর থেকে পূর্ব বাজার পৌর মার্কেটের দ্বিতীয় তলার নারী ব্যবসায়ীরা তাদের নিয়ে একটি মতবিনিময় সভা আয়োজনের জন্য অনুরোধ জানানোর প্রেক্ষিতে এ কমিটির আজকের সভায় বিষয়টি অন্তভুক্ত করা হয়েছে এবং পূর্ব বাজার পৌর মার্কেটের ২য় তলায় নারী উদ্যেক্তাদের মধ্যে থেকে কয়েক জনকে আজকের সভায় আমন্ত্রণ জানানো হয়েছে, তাদের সমস্যা তুলে ধরার জন্য। নারী উদ্যেক্তাদের মধ্যে থেকে মিসেস জেমী বলেন, বাবু গার্মেন্টস এর প্বার্শে দ্বিতীয় তলায় উঠার সিঁড়িতে লাইটের ব্যবস্থা করা ও ২য় তলায় কয়েকটি ডাস্টবিনের ব্যবস্থা এবং শুধুমাত্র নারীদের ব্যবহারের জন্য নিরাপদ টয়লেটের ব্যবস্থা সহ বহুবিদ সমস্যার কথা তুলে ধরেন। তার আলোচনার প্রেক্ষিতে এ কমিটির সদস্য মোছাঃ জান্নাতুল ফেরদৌস উপস্থিত উদ্যেক্তা প্রতিনিধিদের উদ্দেশ্যে বলেন, আপনাদের কি কি সমস্য তা সকল নারী উদ্যেক্তাদের মতামতের ভিত্তিতে সুস্পষ্টভাবে লিপিবদ্ধ করে, প্রয়োজনে আমরা মেয়র মহোদয়ের সাথে বসে আলোচনা করে সমাধানের পথ গুলো বের করতে পারবো। সভাপতি আরোও বলেন, মেয়র মহোদয়, শহরের জ্ঞানী গুনী ব্যক্তি ও বিভিন্ন আর্থিক প্রতিষ্ঠানের প্রতিনিধি সহ উচ্চ পদস্থ সরকারী কর্মকর্তাদের নিয়ে ২য় তলার সকল নারী উদ্যেক্তাদের নিয়ে একটি মত বিনিময় সভার আয়োজন করার পরিকল্পনার কথা জানান।

সিদ্ধান্ত ঃ পূর্ব বাজার পৌর মার্কেটের ২য় তলার নারী উদ্যেক্তাদের নিয়ে একটি মতবিনিময় সভার আয়োজন করার ব্যাপারে মেয়র মহোদয়ের সাথে আলোচনা করে সিদ্ধান্ত গ্রহন এবং উক্ত নারী ব্যবসায়ীদে মার্কেটে ব্যবসা পরিচালনার জন্য কি কি

সমস্য তা সুস্পষ্টভাবে চিহ্নিত করে, প্রয়োজনবোধে মেয়র মহোদয়ের সাথে বসে সমস্যগুলো নিয়ে আলোচনা করার সিদ্ধান্ত গ্রহন করা হলো।

**২নং আলোচ্য সূচী ঃ পৌরসভার বিভিন্ন কমিটিতে নারী প্রতিনিধিদের অংশগ্রহণ নিশ্চিত করণ প্রসঙ্গে।**

আলোচনা ঃ আলোচ্য বিষয়ের উপর কমিটির সম্মানিত সভাপতি মহোদয় বলেন, দিনদিন সমাজ সভ্যতার যত প্রসার ঘটছে, পুরুষের পাশাপাশি নারীর অধিকারও ততই সুপ্রতিষ্ঠিত হচ্ছে। সমাজের সার্বিক উন্নয়নের লক্ষ্যে সকল কর্মকান্ডে নারীর সম্পৃক্ততার কোন বিকল্প নাই। এ প্রসঙ্গে মোছাঃ জান্নাতুল ফেরদৌস, সদস্য, নারী উন্নয়ন কমিটি ও কাউন্সিলর (সংরক্ষিত-১) জয়পুরহাট পৌরসভা বলেন, নারী ও পুরুষের বৈষম্য দুরীকরণে এবং নারী ও পুরুষের সমঅধিকার প্রতিষ্ঠাকল্পে পৌরসভার সকল উন্নয়ন কর্মকান্ডে নারীদের অংশগ্রহণ বৃদ্ধি করা প্রয়োজন বলে তিনি অভিমত ব্যক্ত করেন। আলোচনা কালে কমিটির সদস্য মোঃ জাকির হোসেন বলেন, টিএলসিসি, ডাব্লিউ সি সহ পৌরসভা কর্তৃক গঠিত বিভিন্ন কমিটিতে বিভিন্ন শ্রেণীর নারীদের অন্তর্ভূক্ত করা হয়েছে, এসব নারীদের মতামত প্রদানের জন্য সুয়োগ সৃষ্টি এবং সেসব মতামত সুস্পষ্টভাবে লিপিবদ্ধ সহ সমাধানের উদ্যেগ গ্রহন করা প্রয়োজন। বিষয়টির উপর বিস্তারিত আলাপ আলোচনা অন্তে নিম্নলিখিত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত ঃ জয়পুরহাট পৌরসভার সার্বিক উন্নয়নের লক্ষ্যে পৌরসভা কর্তৃক গঠিত কমিটি সমূহে গঠন প্রক্রিয়া অনুযায়ী বিভিন্ন শ্রেনীর নারীদের অংশগ্রহন নিশ্চিত করন এবং তাদের মতামত গুরুত্বসহকারে বিবেচনা করে রেজুলেশন সমূহে লিপিবদ্ধ এবং সমাধানের উদ্যেগ গ্রহন করা বিষয়ে সিদ্ধান্ত গ্রহন করা হয়।

পরিশেষে সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলের মঙ্গল কামনা করে এবং ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

স্মারকনং-জঃপৌঃসঃ/স্বাস্থ্য/২০২০-২০২১/ তারিখঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো ঃ

১। মেয়র, জয়পুরহাট পৌরসভা।
২। জনাব/জনাবা..........................................................সদস্য, নারী উন্নয়ন বিষয়ক কমিটি ও সম্মানিত কাউন্সিলর, সংরক্ষিত/সাধারণ আসন, জয়পুরহাট পৌরসভা।
৩। অফিস নথি

(পাপিয়া)
সভাপতি
নারী উন্নয়ন বিষয়ক কমিটি
ও
কাউন্সিলর (সংরক্ষিত-২)
জয়পুরহাট পৌরসভা।

# জয়পুরহাট পৌরসভা কার্যালয়
# জয়পুরহাট।

## নারী উন্নয়ন বিষয়ক কমিটি সভায় উপস্থিত সদস্যগণের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

সভাপতি ঃ জনাব পাপিয়া, কাউন্সিলর (সংরক্ষিত-২), জয়পুরহাট পৌরসভা।
সভার স্থান ঃ পৌর মিলনায়তন।
তারিখ ঃ ২৪/০৬/২০২১ ইং।
রোজ ঃ বৃহস্পতিবার।
সময় ঃ বেলা- ১২.০০ ঘটিকা।

উপস্থিত সদস্যবৃন্দের নাম, পদবী ও স্বাক্ষর ঃ

| ক্রঃ নং | নাম | পদবী | কমিটিতে পদবী | উপস্থিতি স্বাক্ষর |
|---|---|---|---|---|
| ০১ | মোঃ মোস্তাফিজুর রহমান | মেয়র জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০২ | মোছাঃ জান্নাতুল ফেরদৌস | কাউন্সিলর (সংরক্ষিত-১), জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৩ | মোছাঃ মুন্নুজান | কাউন্সিলর (সংরক্ষিত-৩), জঃপৌঃসঃ | সদস্য | |
| ০৪ | মোঃ জাকির হোসেন | কাউন্সিলর (সাধারন), ওয়ার্ড নং-৩, জয়পুরহাট পৌরসভা | সদস্য | |
| ০৫ | মোছাঃ পাপিয়া | কাউন্সিলর (সংরক্ষিত-২), জঃপৌঃসঃ | সভাপতি | |